

পুন্ড্র কথা

২৭ ভাদ্র ১৪২৭ ১১ সেপ্টেম্বর ২০২০ ইং আর্কাইভ এখনই পাওয়া প্রচ্ছদ প্রধান খবর দেশ বিশেষ বগুড়ার খবর বিদেশ আলোচনা টুকরো খবর বিনোদন ব্যবসা-বাণিজ্য খেলাধুলা সাহিত্য বগুড়ায় আজ ও কাল বিউটি টিপস ডাক্তারের খোঁজে ভিডিও তারুণ্যের ভাবনা মুক্তমত স্বাস্থ্যকথা শিক্ষাঙ্গন বিজ্ঞান ধর্ম ও জীবন নিয়োগ বিজ্ঞপ্তি ভ্রমণ ভাল খবর

| প্রচ্ছদ

ছয় মাসে ২৪২টি ভ্রাম্যমাণ আদালতে পৌঁগে বারো লাখ টাকা জরিমানা আদায়

বগুড়ার শেরপুরে করোনা সংক্রমণ ঠেকাতে তৎপর ইউএনও লিয়াকত আলী সেখ

শেরপুর (বগুড়া) প্রতিনিধি

পঠিত হয়েছে ১৩৭ বার। প্রকাশ: ০৬ সেপ্টেম্বর ২০২০ ১৭:৫৩:৩৬।



প্রাণঘাতী করোনা ভাইরাসের সংক্রমণ ঠেকাতে সরকারি নানা উদ্যোগ ও নির্দেশনা বাস্তবায়নে প্রথম থেকেই জীবনের ঝুঁকি নিয়ে কাজ করে চলেছেন বগুড়ার শেরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লিয়াকত আলী সেখ। তিনি দিনরাত উপজেলার এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ছুটে চলেছেন। জনগণকে সচেতন করা, হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করা, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখতে বাজার মনিটরিং করা, আইসোলেশন ও হোম কোয়ারেন্টাইন থাকা ব্যক্তিদের বাড়ি বাড়ি গিয়ে খোঁজ-খবর নেয়া, সাধারণ মানুষের মাঝে মাস্ক বিতরণ এবং ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করছেন ইউএনও লিয়াকত আলী সেখ।

এছাড়া করোনাকে পুঁজি করে ব্যবসায়ীরা যাতে রকমারি পণ্যের দাম বাড়াতে না পারে সেজন্য উপজেলার বিভিন্ন হাট-বাজারে মাইক যোগে প্রচার-প্রচারণাসহ নানা পদক্ষেপ নেন তিনি। মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ থেকে সাধারণ মানুষকে বাঁচাতে ইউএনও'র তৎপরতা সচেতন মহলে ব্যাপক প্রশংসা কুড়িয়েছেন।

একাধিক সচেতন নাগরিক মন্তব্য, দেশের এমন দুর্যোগময় মুহূর্তে সত্যিই ইউএনও'র ভূমিকা প্রশংসনীয়। দেশ ও দেশের মানুষের জন্য এ ধরনের নিবেদিতপ্রাণ ইউএনও সব উপজেলায় থাকলে জনসাধারণ উপকৃত হত।

উপজেলা নির্বাহী কর্মকর্তা লিয়াকত আলী সেখ বলেন, বৈশি^ক মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ এড়াতে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। আর মাঠ পর্যায়ে সরকারি সেসব নির্দেশনা বাস্তবায়নে কাজ করছেন তিনি। এরই ধারাবাহিকতায় বিগত মার্চ মাস থেকে আগস্ট পর্যন্ত ছয় মাস জনসচেতনতামূলক কর্মকাণ্ডের পাশপাশি ২৪২টি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। আদালতে ১১৭৯টি মামলায় উক্ত সংখ্যক ব্যক্তিই দণ্ডিত হন। এরমধ্যে ১১৭৮জনের নিকট থেকে ১১লাখ ৭৫হাজার ৫৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। আর একজনকে কারাদণ্ড দেয়া হয়েছে।

ইউএনও বলেন, 'আমি এই উপজেলায় কাজ করতে এসেছি। সরকারি নির্দেশনা বাস্তবায়নে সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছি। এক্ষেত্রে সবার সার্বিক সহযোগিতা কামনা করেন তিনি।'

মন্তব্য

0 Comments

Sort by [

Add a comment...

Facebook Comments plugin

এখনই পাওয়া

বিদেশ

সাহিত্য

মুক্তমত

ভ্রমণ

প্রচ্ছদ

আলোচনা

বগুড়ায় আজ ও কাল

স্বাস্থ্যকথা

ভাল খবর

প্রধান খবর

টুকরো খবর

বিউটি টিপস্

শিক্ষাঙ্গন

দেশ

বিনোদন

ডাক্তারের খোঁজে

বিজ্ঞান

বিশেষ

ব্যবসা-বাণিজ্য

ভিডিও

ধর্ম ও জীবন

বগুড়ার খবর

খেলাধুলা

তারুণ্যের ভাবনা

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রকাশক ও ভারপ্রাপ্ত সম্পাদকঃ আমিনুর রহমান মোহন, ফোন: 017 11 37 07 80, হেড অব নিউজঃ অরুণ রতন শীল, ফোন: 017 35 78 42 17, কার্যালয়ঃ মুন্সুজান মার্কেট (তৃতীয় তলা), টিনপট্টি, বড়গোলা, বগুড়া। ইমেইল: pundrokotha@yahoo.com, pundrokotha@gmail.com

Copyright 2020 © Pundrokotha.com.bd. Developed by Amader Support .